রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ১৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক অধিশাখা

www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০২ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/১৫ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১১৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার '**বাংলাদেশ পরিকল্পনা কমিশন**' নিম্নরূপে গঠন করেছে :

(ক) **কমিশনের গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | প্রধানমন্ত্রী | : | চেয়ারপারসন |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : | বিকল্প চেয়ারপারসন |
| (৩) | মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | : | ভাইস চেয়ারপারসন |
| (৪-৯) | পরিকল্পনা কমিশনের সদস্যগণ | : | সদস্য |
| (১০) | সচিব, পরিকল্পনা বিভাগ | : | সদস্য-সচিব |

(খ) **কমিশনের কার্যপরিধি :**

(১) রুলস্ অব বিজনেস, ১৯৯৬ এর সিডিউল-১ এ বর্ণিত পরিকল্পনা মন্ত্রণালয়ের অন্তর্গত পরিকল্পনা কমিশনের জন্য নির্ধারিত কার্যাবলি;

(২) চেয়ারপারসন, বাংলাদেশ পরিকল্পনা কমিশন-এর সভাপতিত্বে অনুষ্ঠেয় সভায় নিম্নলিখিত কার্যাবলিও সম্পন্ন হবে-

(২.১) দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনা;

(২.২) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচি চূড়ান্তকরণ;



**মূল্য :** টাকা ৪.০০

(২.৩) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা ও হালনাগাদকরণের নির্দেশনা প্রদান;

(২.৪) পরিকল্পনা বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত গুরুত্বপূর্ণ বিষয়াবলি; ও

(২.৫) পরিকল্পনার গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়াবলি সম্পর্কে আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্য দূরীকরণ।

(গ) প্রয়োজনে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভা করা যাবে এবং নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের বর্ধিত সভায় যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হবে-

(১) মন্ত্রিপরিষদ সচিব;

(২) প্রধানমন্ত্রীর মুখ্যসচিব/সচিব;

(৩) সচিব, অর্থ বিভাগ;

(৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ;

(৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;

(৬) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ; ও

(৭) গুরুত্বপূর্ণ আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্যের ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধি/ প্রতিনিধিগণ।

এ কমিশনে ‘সচিব’ বলতে সিনিয়র সচিব ও ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(ঘ) কমিশনের বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ফারুক আহমেদ
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd